অশ্লীল ভিডিওকাণ্ডে কানাইঘাটের আলোচিত সাবেক ইউপি সদস্য গ্রেফতার

চেম্বার ডেস্ক:: সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে অশ্লীল ভিডিও ছড়িয়ে পড়ার পর এক ভুক্তভোগী পরিবারের দায়েরকৃত মামলায় গ্রেফতার করা হয়েছে কানাইঘাটের সড়কের বাজার এলাকার আলোচিত সাবেক ইউপি সদস্য কয়ছর আহমদকে (৩৪)।

রোববার দুপুর দেড়টার দিকে কয়ছর আহমদকে কানাইঘাট থানার সেকেন্ড অফিসার সোহেল মাহমুদের নেতৃত্বে একদল পুলিশ তার সড়কের বাজারস্থ বাসা থেকে গ্রেফতার করেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই সনজিত কুমার রায় জানান দিঘীরপার ইউনিয়নের কাজিরগ্রাম মাঝরফৌদ গ্রামের মৃত আজির উদ্দিনের ছেলে সাবেক ইউপি সদস্য কয়ছর আহমদ ১৬ বছরের এক কিশোরকে ভয়ভীতি দেখিয়ে জোরপূর্বক ধর্ষণ করাসহ পর্নোগ্রাফি উৎপাদনের উদ্দেশ্যে ভিডিও চিত্রধারণ করার অপরাধে গ্রেফতার করা হয়েছে ভোক্তভোগী পরিবারের পক্ষ থেকে থানায় মামলা দায়েরের প্রেক্ষিতে। তার বিরুদ্ধে ৯ (১) ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধনী ২০০৩ তৎসহ ৮(১)২০১২ সালের পর্নোগ্রাফি নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে (নং-৪/৩/৯/২২)।

এদিকে সাবেক ইউপি সদস্য কয়ছর আহমদ পুলিশের হাতে গ্রেফতার হওয়ায় এলাকা জুড়ে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। গত কয়েকদিন থেকে কয়ছর আহমদসহ তার দুই সহযোগী দ্বারা যৌণনির্যাতনের বেশ কয়েকটি অশ্লীল ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে ছড়িয়ে পড়ার পর থেকে জনমনে বিরুপ প্রতিক্রিয়া দেখা দেয়। অনেকে তাকে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান সামাজিক যোগাযোগ মাধ্যমে। তার অশ্লীল কুরুচিপূর্ণ ভিডিওগুলি থানা পুলিশেরও নজরে আসে।

স্থানীয়রা জানান, সড়কের বাজার এলাকার প্রভাবশালী কয়ছর আহমদ কয়েক বছর আগে তার বাসায় নিরীহ লোকজনদের আটক করে পৈশাচিক কায়দায় নির্যাতন করে। সে সময় বর্বরোচিত নির্যাতনের ভিডিওগুলো সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ায় পুলিশের হাতে গ্রেফতার হয়ে জেল খাটে।

এছাড়া অনুমানিক ২বছর পূর্বে এক তরুনীকে বাড়ী থেকে উঠিয়ে নিয়ে জোরপূর্বকভাবে বিয়ের চেষ্টার ঘটনায় ঐ তরুণীর পরিবারের দায়েরকৃত মামলায় জেল খাটে কয়ছর আহমদ।